

তারিখ: 23/06/2017

**আরবিআই ব্যাঙ্কিং লোকপাল যোজনায় সংশোধন আনল: অসাধু বিক্রয় এবং মোবাইল/ ইলেক্ট্রনিক  
ব্যাঙ্কিং সম্পর্কিত অভিযোগসমূহকে অন্তর্ভুক্ত করল**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক ব্যাঙ্কিং লোকপাল যোজনা 2006-এর ব্যাপ্তির প্রসার ঘটাল, যার দ্বারা অন্যান্য বিষয়ের সঙ্গে ব্যাঙ্কের সাথে জড়িত বীমা/ মিউচুয়াল ফান্ড/ অন্যান্য তৃতীয় পার্শ্বিক বিনিয়োগ ঘটিত খামতিগুলিকে অন্তর্ভুক্ত করা হয়েছে। সংশোধিত যোজনার অধীনে, ভারতে মোবাইল ব্যাঙ্কিং/ ইলেক্ট্রনিক ব্যাঙ্কিং পরিষেবার বিষয়ে আরবিআই নির্দেশবিধি না মেনে চলার জন্যও কোনও গ্রাহক ব্যাঙ্কের বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে পারবেন।

ব্যাঙ্কিং লোকপাল দ্বারা ‘অ্যাওয়ার্ড’ ধার্য করার আর্থিক ক্ষমতার এস্তিমার উপস্থিত এক মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি করে দুই মিলিয়ন টাকা করা হয়েছে। অপচয় হয়ে যাওয়া সময়, ব্যয়িত অর্থ, এর সাথে হেনস্থা এবং মানসিক বেদনা ভোগ করার ভিত্তিতে অভিযোগকারী কর্তৃক দায়ের করা অভিযোগের সাপেক্ষেও ব্যাঙ্কিং লোকপাল অনধিক একশ হাজার টাকা পর্যন্ত ক্ষতিপূরণ অ্যাওয়ার্ড হিসাবে ধার্য করতে পারে।

সম্মতির ভিত্তিতে অভিযোগ নিষ্পত্তির পদ্ধতিতেও বদল আনা হয়েছে। এখন আর্জিগুলিকে, প্রত্যাখ্যান-এর সাথে জড়িত উপস্থিত যোজনার বিধি 13 (c)-এর অধীনে বন্ধ(ক্লোজ) করার জন্য অনুমতি প্রদান করা হয়েছে, যা পূর্বে লভ্য ছিল না।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কিং লোকপাল যোজনা 2006-তে সংশোধন করে **জুন 16, 2017 তারিখাঙ্কিত বিজ্ঞপ্তি** প্রকাশ করেছে। সংশোধিত যোজনাটি কার্যকরী হবে জুলাই 1, 2017 তারিখে। সংশোধিত যোজনাটি রিজার্ভ ব্যাঙ্কের ওয়েবসাইট –এ <https://www.rbi.org.in/commonman/English/Scripts/AgainstBank.aspx> লভ্য।

প্রেস প্রকাশনি: 2016-2017/3473

অজিত প্রসাদ  
সহায়ক উপদেষ্টা